# নাট্যশাস্ত্র

(২য়)

অঞ্জলিকা মুখোপাধ্যায়

সংস্কৃত পুস্তক ভাণ্ডার

৩৮, বিধান সরণী, কলকাতা-৭০০ ০০৬

# অথ দ্বিতীয়োঽধ্যায়ঃ

**মূল—** ভরতস্য বচঃ শ্রুত্বা পপ্রচ্ছুর্মুনয়স্ততঃ।
ভগবন্ শ্রোতুমিচ্ছামো যজনং রঙ্গসংশ্রয়ম্।।১।।

**অনুবাদ—** তারপর ভরতের কথা শুনে মুনিগণ জিজ্ঞাসা করলেন, হে ভগবন্, রঙ্গাশ্রিত অনুষ্ঠান (কিভাবে হয় তা) শুনতে ইচ্ছা করি।

**অভিনব ভারতী—** সংসারনাট্যজননধাতৃবীজলতাজুষীম্।
জলমূর্তিং শিবাং পত্যুঃ সরসাং পর্যপাস্মহে।।

... ব্রহ্মৈব কবিঃ, শক্র এব প্রযোজয়িতা, ভরত এব নাট্যাচার্যঃ, কোহলাদয় ইব নটাঃ, অপ্সরস ইব সুকুমারোপকরণং, স্বাতিরিবানদ্ধবিৎ, নারদ ইব গীতজ্ঞঃ, সুরক্ষিতো মণ্ডপঃ, ইন্দ্রোৎসবসদৃশঃ প্রয়োগকালঃ, প্রশান্তরাগদ্বেষাদিকাঃ সামাজিকাঃ, দেবতাপূজনপূর্বকঃ প্রয়োগঃ ইত্যেবং সংগ্রহেণ পূর্বাধ্যায়নিরূপিতমর্থমবধার্যেত্যর্থঃ। যজনমিতি 'রঙ্গপূজাং কুরুত' ইতি বৃত্তেঽধ্যায়ে নিরূপিতমিতি সঙ্গতিঃ।

**রসাঞ্জলি—** দ্বিতীয়াধ্যায়ের প্রারম্ভে শিবের জলমূর্তির উপাসনা করছেন দেবী ভবানী। শিবের প্রত্যভিজ্ঞাদর্শনসঙ্গত ৩৬টি তত্ত্বের মধ্যে দ্বিতীয়াধ্যায়ে দ্বিতীয় মূর্তি জলের উল্লেখ মঙ্গলাচরণে করা হয়েছে (যেমন প্রথমাধ্যায়ের মঙ্গলাচরণে প্রথম মূর্তি ভূমির উল্লেখ করা হয়েছিল)।

এখানে সংসারই নাট্য হিসাবে কল্পিত। ব্রহ্মা যেখানে কবি, ইন্দ্র প্রযোজক, ভরতের মত নাট্যাচার্য, কোহল প্রভৃতির (ভরতের শত পুত্র) মত অভিনেতা, অপ্সরাদের মত চিত্তরঞ্জক উপকরণ, স্বাতির মত পুষ্করবাদক (১.৫০), নারদের মত সঙ্গীতজ্ঞ, সুরক্ষিত মণ্ডপ, ইন্দ্রোৎসবের মত উপযুক্ত অভিনয়কাল, রাগদ্বেষাদিবর্জিত সামাজিক এবং দেবতার পূজাপূর্বক অভিনয় সম্পাদনের সম্মিলিত ব্যাপার প্রথম অধ্যায়ে বলা হয়েছে। প্রথম অধ্যায়ের শেষে রঙ্গপূজার আবশ্যকতার কথাও বলা হয়েছিল—কুরুধ্বমত্র বিধিবদ্ যজনং নাট্যমণ্ডপে।। (১২৩ খ) এখন দ্বিতীয়াধ্যায়ে সেই 'যজনের' কথা পুনরায় উত্থাপিত করা হচ্ছে।